

১০০০৮
২৬

সাপাহারে সরকারি থাইমারি স্কুলে কোচিং ক্লাস ॥ বেতন ও ফি আদায়

তদন্ত করছে জেলা শিক্ষা দপ্তর

॥ নওগাঁ সংবাদপত্র ॥

সাপাহার উপজেলা সরকারি
নডেল প্রাথমিক বিদ্যালয়ে কোচিং
ক্লাসখলে ছাত্র-ছাত্রীদের কাছ থেকে
মাসিক বেতন ও অন্যান্য ফি আদায়
করা হচ্ছে বলে অভিযোগ পাওয়া
গেছে। এই বিদ্যালয়ের ছাত্র-ছাত্রী-
দের অভিভাবকবৃন্দ এই অভিযোগ
করেছেন। গত ২৯ মার্চ জেলা
প্রাথমিক শিক্ষা অফিসার অভিযোগ-
টির তদন্ত করেছেন। অভিভাবক-
বৃন্দ জানান, ওদন্তের ফলাফল
এখনে কিছু জানা যায়নি।

অভিযোগে বলা হয়, জোট সর-
কারের আনলে বিদ্যালয়ের বর্তমান
প্রধান শিক্ষক মহাহারুল ইসলাম,
আগের প্রধান শিক্ষক মুক্তিযোদ্ধা
আব্দুল রাজ্জাককে সরিয়ে তার
স্থলাভিষিক্ত হন। সেই থেকে
তিনি ও তার আনিলা বেগম সাপা-
হার সরকারি প্রাথমিক বিদ্যালয়ের
কোচিং ক্লাস করিয়ে ছাত্র-ছাত্রীদের
কাছ থেকে মাসিক বেতন ও অন্যান্য
ফি আদায় শুরু করেন। তৃতীয় শ্রেণী
থেকে পঞ্চম শ্রেণী পর্যন্ত ছাত্র-ছাত্রী
প্রতি মাসিক বেতন ২শ' থেকে আড়াই
শ' টাকা, ভর্তি ফরম কড়ি টাকা,
ভর্তি ১শ' ও পঞ্চম শ্রেণী পাশ গাট-

ফিকেট বাবদ ২শ' টাকা হারে ফি
আদায় করা হয় বলে অভিযোগ।
সরকারি নীতিমালা বহিত উ চড়া
হারে পরীক্ষার ফিও আদায় করা
হয়। পরীক্ষার ফি প্রথম-দ্বিতীয়
শ্রেণী ৫ টাকার হলে ২০ টাকা,
তৃতীয় শ্রেণী ৮ টাকার হলে ৩০
টাকা ও চতুর্থ-পঞ্চম শ্রেণীর ১০ ও
১২ টাকার হলে ৪০ টাকা নেয়া
হয়। আড়াই ঘেসব গরীব ছাত্র-
ছাত্রী ওই টিউশনি ফি বা অন্যান্য
ফি দিতে পারেন না, তাদের উপ-
বৃত্তির টাকা অভিভাবকদের না
দিয়ে কেটে নেয়া হয়। বিদ্যালয়ের
তৃতীয়-চতুর্থ শ্রেণী পর্যন্ত প্রায় ৪শ'
ছাত্রছাত্রীর কাছ থেকে মাসে প্রায়
১ লাখ টাকা এভাবে হাতিয়ে নেয়া
হচ্ছে। প্রধান শিক্ষক সাপাহার
উপজেলা জানায়াতের নেতা হও-
য়ায় সে সময় কেউ কথা বলতে
সাহস পায়নি। জেলা প্রাথমিক
শিক্ষা কর্মকর্তা আব্দুল বালেক
জানান, একটি অভিযোগের
প্রেক্ষিতে সাপাহার উপজেলা শিক্ষা
অফিসারকে বিষয়টির তদন্তের ভার
দেয়া হয়েছে। এখনও তদন্ত রিপোর্ট
পাননি।